



রাশিয়ার ক্ষেপণাস্ত্র হামলায় ইউক্রেনে শিশুসহ নিহত ৩২



ছবি: সংগৃহীত

ইউক্রেনে রাশিয়ার ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলায় পাঁচ শিশুসহ অন্তত ৩২ জন নিহত হয়েছেন। হামলাটিকে রাশিয়ার অন্যতম ভয়াবহ হামলা হিসেবে উল্লেখ করেছেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। রয়টার্স এ তথ্য জানিয়েছে।

বুধবার (৭ অক্টোবর) হামলার পর সবচেয়ে বেশি হতাহত হয়েছে উত্তরাঞ্চলীয় চেরনিহিভ অঞ্চলের প্রিলুকিতে। সেখানে একটি পাঁচতলা আবাসিক ভবনে রুশ ক্ষেপণাস্ত্র আঘাত হানলে ভবনটি ধসে পড়ে। বৃহস্পতিবার (৮ অক্টোবর) সকালে উদ্ধারকাজের মধ্যে সেখানে নিহতের সংখ্যা বেড়ে ২২ জনে দাঁড়ায়। নিহতদের মধ্যে পাঁচ শিশু রয়েছে।

রাজধানী কিয়েভেও হামলায় চারজন নিহত হয়েছেন। জেলেনস্কি জানিয়েছেন, হামলায় দেশজুড়ে প্রায় ১০০ জন আহত হয়েছেন।

রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় বলেছে, তাদের হামলার লক্ষ্য ছিল ইউক্রেনের সামরিক ও শিল্প স্থাপনা। তবে ইউক্রেনের বিমানবাহিনী জানিয়েছে, রাশিয়ার ছোড়া ৪৬টি ড্রোনের ৮০ শতাংশের বেশি ভূপাতিত করা হয়েছে।

জেলেনস্কি বলেন, ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র এখনো ইউক্রেনের জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ হয়ে আছে।